সীমিত

উত্তম চর্চার (Best Practice) তালিকা

জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা এর আওতায় বিজিবি কর্তৃক ২০১৯-২০২০ অর্থ বছরে নিম্নবর্ণিত উত্তম চর্চা (Best Practice) সমূহ অনুসৃত হচ্ছে।

১। বিজিবি পরিবার এবং সাধারণ নাগরিকদের বিশেষ শিশুদের জন্য পিলখানায় দ্বীপ্ত সীমান্ত নামে একটি বিশেষায়িত স্কুলের মাধ্যমে প্রয়োজনীয় শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে।

২। অপারেশনাল কর্মকান্ডে দক্ষতা ও বিভিন্ন প্রতিযোগিতায় কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জনকারীদেরকে বিভাগীয় খরচে হজ্জ পালন এবং অন্যান্য ধর্মাবলীদের তীর্থস্থান দর্শনের ব্যবস্থা করা হচ্ছে।

৩। বিজিবি সদস্যদের সার্বিক কল্যাণে 'বিজিবি ওয়েলফেয়ার ট্রাস্ট' গঠন করা হয়েছে। উক্ত ওয়েলফেয়ার ট্রাস্ট হতে অর্জিত আয় দিয়ে বিজিবি সদস্যদের কল্যাণার্থে বিভিন্ন উন্নয়ন মূলক কাজ করা হচ্ছে।

৪। রিজিয়ন কমান্ডার, সেক্টর কমান্ডার এবং ব্যাটালিয়ন কমান্ডার কর্তৃক নিয়মিত দরবারের মাধ্যমে বিভিন্ন বিষয়ে প্রেষণা প্রদান করা হচ্ছে। এছাড়াও বিভিন্ন কোর্সে অংশগ্রহণ করে কৃতিত্বপূর্ণ (১ম, ২য় এবং ৩য় স্থান) ফলাফল অর্জনকারী সৈনিকদের মাসিক দরবারের মাধ্যমে অর্থসহ ক্রেষ্ট প্রদান করা হচ্ছে।

৫। রিজিয়ন কমান্ডার, সেক্টর কমান্ডার, ব্যাটালিয়ন কমান্ডার, কোম্পানী কমান্ডার এবং বিওপি কমান্ডার কর্তৃক নিয়মিতভাবে জনসচেতনতামূলক/মতবিনিময় সভা করা হচ্ছে।

৬। প্রতি শুক্রবার (জুম্মার নামাজের সময়) দুর্নীতি দমন ও শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষ্যে প্রেষণা প্রদান করা হচ্ছে।

৭। বিজিবি কর্তৃক গরীব ও দুস্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়।

পরিচালক (পরিকল্পনা)
অপারেশন পরিদপ্তর
সদর দপ্তর বিজিবি, ঢাকা